



শৈশবে আগতদের জন্য বিলম্বিত পদক্ষেপ (DACA) প্রাপক ও অপ্রাপ্তবয়স্ক ভিনদেশীদের জন্য উন্নয়ন, ত্রাণ ও শিক্ষা (DREAMER) আইনের আওতাভুক্তদের কর্মসংস্থান-ভিত্তিক ভিসা

18 জুন, 2024 তারিখে, ফেডারেল সরকার নতুন পদক্ষেপের ঘোষণা করেছে, যা DACA প্রাপকদের এবং বৈধ কাগজপত্রবিহীন কলেজ স্নাতকদের জন্য একটি কর্মসংস্থান-ভিত্তিক অভিবাসন ভিসার জন্য আবেদন এবং যোগ্যতা অর্জনকে সহজ করে তুলেছে। D-3 মওকুফ সম্পর্কিত বিদ্যমান নির্দেশিকাগুলিতে পরিবর্তন করে, Biden প্রশাসন DACA প্রাপক এবং বৈধ কাগজপত্রবিহীন কলেজ স্নাতকদের জন্য অস্থায়ী এবং অবশেষে স্থায়ী অভিবাসন মর্যাদা পাওয়ার জন্য একটি পথ তৈরি করেছে।

কেন এটি প্রয়োজন?

কর্মসংস্থান-ভিত্তিক ভিসা DACA প্রাপক এবং বৈধ কাগজপত্রবিহীন কলেজ স্নাতকদের মধ্যে খুব সাধারণ নয়, কারণ সাধারণত একটি কর্মসংস্থান ভিসা পেতে আপনাকে বিদেশে কনসুলেটে যেতে হবে। আপনি যদি বৈধ কাগজপত্রবিহীন হন এবং আপনি বেআইনি উপস্থিতি অর্জন করেন অথবা আপনি অনুমতি ছাড়াই মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করেন তাহলে মার্কিন যুক্তরাষ্ট্র ত্যাগ করা আপনার জন্য একটি প্রতিবন্ধকতা সৃষ্টি করতে পারে এবং যার ফলে আপনার মার্কিন যুক্তরাষ্ট্রে ফিরে আসা নিষিদ্ধ হতে পারে।

এটি আপনার জন্য কী অর্থ বহন করে?

আপনার যদি বৈধ কাগজপত্র না থাকে এবং আপনি একজন কলেজ-স্নাতক ডিগ্রিধারী হয়ে থাকেন বা শীঘ্রই কলেজ-স্নাতক ডিগ্রি সম্পন্ন করতে যাচ্ছেন, আপনি যদি পড়াশোনা সম্পর্কিত ক্ষেত্রে একজন নিয়োগকর্তা খুঁজে পান যিনি আপনাকে স্পনসর করতে ইচ্ছুক তাহলে আপনি একটি কর্মসংস্থান-ভিত্তিক ভিসার জন্য আবেদন করতে পারবেন।

D-3 মওকুফ (পুনঃ প্রবেশের ক্ষেত্রে নিষেধাজ্ঞা বাতিল আইন) কী এবং কীভাবে এটি পরিবর্তিত হয়েছে?

D-3 মওকুফ বেআইনি উপস্থিতি এবং বেআইনি প্রবেশকারী ব্যক্তিদের ক্ষেত্রে আইনের এই লঙ্ঘনগুলি ক্ষমা করে এবং তাদের বৈধ মর্যাদা ও কাজের অনুমোদনসহ মার্কিন যুক্তরাষ্ট্রে পুনরায় প্রবেশের অনুমতি দিয়ে কর্মসংস্থান-ভিত্তিক ভিসা পেতে অনুমতি দেয়। সাম্প্রতিক পরিবর্তনের আগে, প্রক্রিয়াটি অনিশ্চিত ছিল এবং আবেদনকারীদের অনির্দিষ্টকালের জন্য বিদেশে অপেক্ষা করতে হতো। রাষ্ট্রপতি Biden-এর পদক্ষেপগুলি এই প্রক্রিয়াটিকে স্পষ্ট করেছে এবং নির্দেশনাগুলিকে হালনাগাদ করেছে এটি স্পষ্টভাবে বলার জন্য যে দেশের স্বার্থে কলেজ-স্নাতকদের জন্য D-3 মওকুফ অনুমোদন করা হচ্ছে। এই পদক্ষেপগুলির মাধ্যমে আশা করা হচ্ছে যে মওকুফ প্রক্রিয়া অল্প সময়ের মধ্যে সম্পন্ন করা হবে তবে আবেদনকারীদের অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থেকে আবেদন করতে হবে।

এই মুহূর্তে আমি কী করতে পারি?

আপনি যদি চাকুরিরত হন তাহলে আমরা আপনাকে আপনার মানবসম্পদ বিভাগের কারো সাথে কর্মসংস্থান-ভিত্তিক ভিসা প্রক্রিয়া শুরু করার বিষয়ে কথা বলার পরামর্শ দিই, কারণ এটি আপনার নিয়োগকর্তা কর্তৃক শুরু করা আবশ্যিক। আপনি যদি আপনার পড়াশোনা সম্পর্কিত ক্ষেত্রে কাজ না করেন বা বেকার হন, তাহলে আমরা আপনাকে আপনার ক্ষেত্রের কোনও চাকরি খোঁজার পরামর্শ দিই যা নির্দেশ করবে যে উক্ত কোম্পানি আপনাকে একটি কর্মসংস্থান-ভিত্তিক ভিসার জন্য স্পনসর করতে ইচ্ছুক (এটি প্রায়শই চাকরির বিজ্ঞাপনের মধ্যে উল্লেখ করা হয়)।



আরও জানতে

www.higheredimmigratinportal.org/lptw/

ওয়েবসাইটে উচ্চ শিক্ষা অভিবাসন পোর্টাল দেখুন।



1-800-354-0365

এই ফ্ল্যাগারে যে তথ্য রয়েছে, তা আইনি পরামর্শ নয়। **সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত** MOIA অভিবাসন আইনি সহায়তা হটলাইনে ফোন করে আইনি সহায়তা নিন।